

Total No. of Printed Pages—7

3 SEM FYUGP BNLC3B

2 0 2 5

(Nov/Dec)

BENGALI

(Core)

Paper : BNLC3B

(আধুনিক বাংলা নাট্যসাহিত্য)

Full Marks : 60

Time : 2 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

প্রথম একক

- ১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২
- (ক) মধুসূদন দত্তের 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটি কত সালে প্রকাশিত হয়?
- (খ) *Love is the Best Doctor* ইংরেজি নাটকটি কে বাংলায় অনুবাদ করেছিলেন?
- (গ) শিশিরকুমার ভাদুড়ী রচিত একটি নাটকের নাম লেখ।

(2)

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর সংক্ষেপে দাও :

(ক) গিরিশচন্দ্র ঘোষের পৌরাণিক নাটকগুলি উল্লেখ করে আলোচনা কর।

(খ) বাংলা রঙ্গক্ষেত্রে জাতীয় নাট্যশালার অবদান লেখ।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) নাট্যকার দীনবন্ধু মিত্র রচিত নাটকগুলি উল্লেখ করে সেগুলির তাৎপর্য বিশ্লেষণ কর।

(খ) “পুরাতনপছী, সংস্কৃত ব্রাহ্মণ পণ্ডিত রামনারায়ণ তর্করত্নের রচিত নাটক ও প্রহসনগুলির সাহিত্যিক মূল্য যেমন হোক, অভিনয়ে যথেষ্ট জনপ্রিয়তা লাভ করেছিল।” তাঁর রচিত নাটক ও প্রহসনগুলি উল্লেখ করে উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর।

দ্বিতীয় একক

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : $1 \times 2 = 2$

(ক) ‘চাঁদ বণিকের পালা’ নাটকটির নাট্যকারের নাম লেখ।

(খ) নবনাট্য আন্দোলনের সূচনা কোন্ সময় হয়েছিল?

(গ) দ্বিজেন্দ্রলাল রায় রচিত একটি ঐতিহাসিক নাটকের নাম লেখ।

(3)

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর সংক্ষেপে দাও :

(ক) উৎপল দত্ত একাধারে নাট্যকার ও অভিনেতা। বাংলা নাটকে তাঁর অবদান উল্লেখ কর।

(খ) বাদল সরকার পেশায় ইঞ্জিনিয়ার হলেও নেশা ছিল তাঁর নাট্য রচনা। সময়ের পরিপ্রেক্ষিতে তাঁর রচিত নাটকগুলি উল্লেখ কর।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) বাংলা নাট্যসাহিত্যে রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান নির্ণয় কর।

(খ) বাংলা নাটকে নাট্যকার বিজন ভট্টাচার্যের নাটকগুলি উল্লেখ করে তাঁর অবদান ও ভূমিকা আলোচনা কর।

তৃতীয় একক

(‘ক’ অংশ অথবা ‘খ’ অংশ থেকে উত্তর দাও)

(ক—অংশ)

(জমিদার দর্পণ)

৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : $1 \times 2 = 2$

(ক) ‘জমিদার দর্পণ’ নাটকটির প্রথম প্রকাশক কে ছিলেন?

(খ) ‘জমিদার দর্পণ’ নাটকে জমিদারের জ্যেষ্ঠ ভ্রাতার নাম কী?

(গ) “বড় ভালো মানুষ। আর সেই জমিদার বড়লোক বড় ধার্মিক। গরীব লোকের প্রতি তার ভারি দয়া।” উক্তিটি কার?

(4)

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর সংক্ষেপে দাও :

- (ক) হরিদাসের বৈষ্ণবীর নাম কী ছিল? হরিদাস কোন্ কোন্ তীর্থে ভ্রমণ করেছেন? হরিদাস চরিত্রটির বর্ণনা দাও।
- (খ) “আপনি সব করতে পারেন। আমি আপনার প্রজা, আমি আপনার মেয়ে, আপনি আমার বাপ। জাত মান রক্ষা করতেও আপনি, প্রাণ রক্ষা করতেও আপনিই।” সংলাপটি কার? কাকে উদ্দেশ্য করে এবং কী প্রসঙ্গে বলেছেন?

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) জমিদার শ্রেণীর নির্মম অত্যাচারের এক নকশা ‘জমিদার দর্পণ’—আলোচনা কর।
- (খ) ‘জমিদার দর্পণ’ নাটকে প্রধান চরিত্র জমিদার হয়ওয়ান আলী। তিনি তার অধীনে থাকা প্রজা আবুমোম্বা ও তার স্ত্রীর উপর যে অত্যাচার, পীড়ন ও লাঞ্ছনা করেছেন তা বর্ণনা কর।

অথবা

(খ—অংশ)

(সাজাহান)

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) :

১×২=২

- (ক) ‘সাজাহান’ নাটকটি কত সালে প্রকাশিত হয়?
- (খ) দারার পুত্রের নাম কী?
- (গ) যশবন্ত সিংহের স্ত্রীর নাম কী?

(5)

৪। যে কোনো একটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও :

৪

- (ক) মোরাদ চরিত্রটি বর্ণনা কর।
- (খ) জাহানারা চরিত্রটির গুরুত্ব বিচার কর।

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৯

- (ক) ‘সাজাহান’ নাটকে সম্রাট সাজাহান চরিত্রে যে সম্রাটসত্তা ও পিতৃসত্তার অন্তর্দ্বন্দ্ব রয়েছে তা আলোচনা কর।
- (খ) ‘সাজাহান’ নাটকে দিলদার চরিত্রের গুরুত্ব বিচার কর।

চতুর্থ একক

(‘ক’ অংশ অথবা ‘খ’ অংশ থেকে উত্তর দাও)

(ক—অংশ)

(বিসর্জন)

৬। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) :

১×২=২

- (ক) ‘বিসর্জন’ নাটকটি কয়টি অঙ্কে বিভক্ত?
- (খ) “প্রেম করে

অভিশাপ নাশ, দয়া করে অকল্যাণ দূর।

সতীর হৃদয় হতে প্রেম গেলে

পতিগৃহে লাগে অভিশাপ।”

উক্তিটি কার?

- (গ) জয়সিংহের মৃত্যু কীভাবে হয়েছিল?

১৪। যে কোনো একটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও :

- (ক) রঘুপতি চরিত্রটি বর্ণনা কর।
(খ) অপর্ণা চরিত্রটি তুলে ধর।

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) “ ‘বিসর্জন’ নাটকটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বিখ্যাত নাটক যা প্রধানত ধর্মীয় গোঁড়ামি এবং কুসংস্কারের বিরুদ্ধে প্রতিবাদ।” আলোচনা কর।
(খ) রাজা গোবিন্দমাণিক্যের চরিত্রটি পর্যালোচনা কর।

অথবা

(খ—অংশ)

(নবান্ন)

১৬। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=

- (ক) কোন্ মঞ্চে ‘নবান্ন’ নাটকটি প্রথম অভিনীত হয়?
(খ) কালীধন ধাড়া কে?
(গ) “জল আর জল, শুধু জল—সুমুদুর উঠে এসেছে গ্রামে—রাঙার মা—রাঙা, রাঙার মা—রাঙার মা।” উক্তিটি কার?

১৭। যে কোনো একটি চরিত্র সংক্ষেপে লেখ :

- (ক) প্রধান সমাদ্দার
(খ) বিনোদিনী

১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) “ ‘নবান্ন’ নাটকে ১৯৪৩-এর মন্বন্তর ও কলকাতা শহরের মধ্যবিত্ত, উচ্চবিত্ত শ্রেণীর আত্মসুখ ও ব্যক্তি স্বার্থরক্ষার সংকীর্ণতা ও মহাজনদের ব্ল্যাক মার্কেটের কবলে পড়ে আমিনপুর গ্রামের কৃষক সমাজের চরম দুর্দশায় অনাহারে-অর্ধাহারে দিন কাটিয়েছে, দুমুঠো অন্নের জন্য ভিক্ষাবৃত্তি অবলম্বন করেছে, নিজের সন্তানকে বিক্রি করেছে, কলকাতার রাজায় সম্মান ইচ্ছিত খুইয়েছে।” উক্তিটি নাটক অবলম্বনে আলোচনা কর।
(খ) ‘নবান্ন’ নাটক অবলম্বনে হরু দত্ত চরিত্রটি বিশ্লেষণ কর।

★ ★ ★